ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৬৩৯</u>
আগরতলা,৩০ আগস্ট,২০২৫

**ব্রু পুনর্বাসন এলাকার স্বাস্থ্য পরিষেবায় নারীদের অগ্রণী ভূমিকা**
**আশাকর্মীর প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরতার পথে এক বড় পদক্ষেপ**

আজ আগরতলা সার্কিট হাউসে উত্তর ত্রিপুরা ও ধলাই জেলার ব্রু পুনর্বাসন এলাকায় নবনিযুক্ত আশাকর্মীদের জন্য ৮ দিনব্যাপী আবাসিক ইন্ডাকশন ট্রেনিং (প্রাথমিক প্রশিক্ষণ) কর্মশালার আনুষ্ঠানিক সূচনা হয়। এই গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্টেট হেলথ এন্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সোসাইটির সদস্য সচিব ডাঃ নূপুর দেববর্মা। তিনি তাঁর বক্তব্যে নতুন আশাকর্মীদের উৎসাহিত করে বলেন যে, তারা আগামী দিনে গ্রামের স্বাস্থ্যব্যবস্থার অগ্রণী সৈনিক হবেন এবং স্বাস্থ্যসেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে তাঁরাই মূল চালিকাশক্তি হিসেবে কাজ করবেন।এই প্রশিক্ষণ কর্মশালায় স্বাস্থ্য বিভাগের একাধিক দায়িত্বশীল কর্মকর্তা ও কর্মচারিরা অংশগ্রহণ করেন, যারা ভবিষ্যতের স্বাস্থ্যসেবাকে আরও শক্তিশালী ও কার্যকর করে গড়ে তোলার জন্য নিবেদিত। নতুন আশাকর্মীরা এই প্রশিক্ষণের মাধ্যমে গর্ভবতী মা, শিশু, টিকাদান, অপুষ্টি, পরিবার পরিকল্পনা ও বিভিন্ন জাতীয় স্বাস্থ্য কর্মসূচি সম্পর্কে বাস্তবভিত্তিক জ্ঞান ও দক্ষতা অর্জন করবেন। প্রশিক্ষণ শেষে তাঁরা নিজ নিজ এলাকায় স্বাস্থ্যসেবার মুখ হয়ে উঠবেন এবং সমাজে ইতিবাচক পরিবর্তন আনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। এই উদ্যোগ শুধু স্বাস্থ্যসেবার উন্নয়ন নয়, বরং ব্রু পুনর্বাসন এলাকায় আর্থ-সামাজিক ক্ষমতায়নের দিকেও এক কার্যকর পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****